দৈনিক সংবাদ 003

তারিখ 05 NOV 1987
পৃষ্ঠা 10 কলাম 6

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শৃঙ্খলা ভঙ্গের দায়ে ৩ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

শৃংখলা ভঙ্গের দায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের ৩ জন ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে।

অভিযুক্তদের মধ্যে ১ম পর্ব সমাজ বিজ্ঞানের ছাত্র জামিউল কদর ডলারকে ২৫ টাকা জরিমানা ও ছয় মাসের জন্য হল থেকে বহিষ্কার করা হয়েছে এবং ভবিষ্যতে আর এরকম করবে না বলে তার কাছ থেকে মুচলেকা নেয়া হয়েছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশে দেয়া ক্ষমতা অনুযায়ী কোন আবাসিক হলের প্রাধ্যক্ষ একজন ছাত্রকে সর্বোচ্চ ২৫ টাকা জরিমানা করতে পারেন।

অভিযুক্ত অপর দু'জন ৩য় বর্ষ ভূগোল বিভাগের আবুল কালাম আজাদ এবং ২য় বর্ষ পদার্থ বিজ্ঞান বিভাগের মুনিরুজ্জামান মুনিরকে হুঁশিয়ার করে দিয়ে তাদের কাছে থেকেও মুচলেকা নেয়া হয়েছে। অভিযুক্তরা সবাই জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মী বলে জানা গেছে।

গতকাল বুধবার হল কর্তৃপক্ষের দেয়া এক নোটিশে বলা হয়েছে, গত ৩০শে অক্টোবর হলে টিভি দেখাকে কেন্দ্র করে দু'দল ছাত্রের মধ্যে যে অপ্রীতিকর ঘটনা ঘটে তার সাথে জড়িত থাকার অপরাধে এসব ব্যবস্থা নেয়া হয়েছে।